



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

নথি নং -বিঅ-৬/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১০৯৯০

তারিখ: ৩১-০৫-২০২২

বিষয়: তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল প্রসঙ্গে।

সূত্র : অভিযোগকারীর ২৪-০৪-২০২২ তারিখের আবেদন (আইডি- (১৫২৩৯))

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাগেরহাট জেলার শরণখোলা উপজেলাধীন ধানসাগর রাখালক্ষী নিম্ন মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের দাখিলকৃত ম্যানেজিং কমিটি গঠনে অনিয়ম সংক্রান্ত বিষয়ে জনাব পংকজ কুমার মিস্ত্রী একটি অভিযোগ দাখিল করেছেন। উক্ত অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক প্রতিবেদন অতিসত্ত্বর নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য নির্দেশক্রমে আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

৩১-০৫-২০২২

(ড. বিশ্বাস শাহিন আহমাদ)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

02477762705

উপজেলা নির্বাহী অফিসার
শরণখোলা, বাগেরহাট।

সংযুক্তি: অভিযোগের ছায়ািলিপি

নথি নং-বিঅ-৬/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১০৯৯০ (৬)

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। জেলা প্রশাসক, বাগেরহাট।
- ২। জেলা শিক্ষা অফিসার, বাগেরহাট।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শরণখোলা, বাগেরহাট।
- ৪। প্রধান শিক্ষক, ধানসাগর রাখালক্ষী নিম্ন মাধ্যমিক বালিকা বিদ্যালয়, ধানসাগর, শরণখোলা, বাগেরহাট।
- ৫। অভিযোগকারী, জনাব পংকজ কুমার মিস্ত্রী (০১৭৮৩-৮৩০২৫৭), ধানসাগর, শরণখোলা, বাগেরহাট।
- ৬। অফিস নথি।

তারিখ: ৩১-০৫-২০২২

৩১-০৫-২০২২

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

02477762705

বরাবর,

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
যশোর।

বিষয় : ধানসাগর রাধালক্ষ্মী নিম্ন মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনে জেলা বাগেরহাট বিজ্ঞ শরণখোলা সহকারী জজ আদালতের মামলা চলমান থাকায় নিয়মিত কমিটি অনুমোদন না দেওয়া প্রসঙ্গে।

জনাব,

যথাবিহিত সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, বাগেরহাট জেলার শরণখোলা উপজেলাধীন ধানসাগর রাধালক্ষ্মী নিম্ন মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনে তফশিল ও ভোটার তালিকায় অনিয়ম হওয়ায় আমি বর্তমান সভাপতি বাবু পংকজ কুমার মিস্ত্রী বাদী হয়ে বাগেরহাট বিজ্ঞ সহকারী জজ আদালতে ১৮/০৪/২০২২ ইং তারিখ অভিযোগ দায়ের করি (যাহার মামলা নং- দেং.৬৩/২০২২)। গত ইংরেজি ১৯/০৪/২০২২ ইং তারিখ বিজ্ঞ জজ আদালত প্রধান শিক্ষক সহ সংশ্লিষ্ট ব্যক্তিবর্গকে অনিয়মের কারণ দর্শানোর জন্য আদেশ দিয়েছেন। বিদ্যালয়ের তফশিল মোতাবেক আগামী ২৬/০৪/২০২২ ইং তারিখ নির্বাচন হওয়ার কথা থাকা স্বত্ত্বেও গোপনে নিয়ম বহির্ভূত ভাবে ১৭/০৪/২০২২ ইং তারিখ পূর্ণাঙ্গ কমিটি গঠন করিয়া অনুমোদনের জন্য আপনার নিকট আবেদন প্রেরণ করিয়াছেন। আপনার অবগতির জন্য আরও জানানো যাচ্ছে যে, অত্র প্রতিষ্ঠানের ৬ষ্ঠ শ্রেণির ভোটার তালিকা- ১-১২ পর্যন্ত ও ১৮ নং শিক্ষার্থী প্রকৃত শিক্ষার্থী। ৭ম শ্রেণির ভোটার তালিকা ৪৬-৫৬ পর্যন্ত প্রকৃত শিক্ষার্থী। ৮ম শ্রেণির ভোটার তালিকা ৯৩-১০৩ পর্যন্ত প্রকৃত শিক্ষার্থী। বিদ্যালয়ে সর্বমোট প্রকৃত শিক্ষার্থী- ৩৫ জন। ভোটার তালিকায় উপস্থাপিত ১২০ জন মধ্যে ৮৫ জন শিক্ষার্থী অবৈধ এবং চূড়ান্ত ভোটার তালিকা অনুমোদন না করে খসড়া ভোটার তালিকা দিয়ে অবৈধ কমিটি গঠন করা হয়। এই ভোটার তালিকা শ্রেণি কক্ষে পাঠ না করে নাই, নোটিশ বোর্ডে উল্লেখ করে নাই এমনকি কোন ভাবেই এই সকল তথ্য জানানো হয় নাই।

অতএব, জনাবের নিকট আকুল আবেদন যাহাতে উক্ত অবৈধ কমিটি অনুমোদন না হয় তাহার নির্দেশ দানে আনপার মর্জি হয়।

বিনীত নিবেদক

পংকজ কুমার মিস্ত্রী

(পংকজ কুমার মিস্ত্রী)

সভাপতি

ধানসাগর রাধালক্ষ্মী নিম্ন মাধ্যমিক বালিকা বিদ্যালয়
শরণখোলা, বাগেরহাট।

তারিখঃ ২৪/০৪/২০২২ ইং

সংযুক্তিঃ

- ১। আবেদন পত্র।
- ২। নির্বাচনী তফশিলের কপি।
- ৩। বর্তমান এডহক কমিটির কপি।
- ৪। শিক্ষার্থী অভিভাবক ভোটার তালিকার কপি।
- ৫। আদালতের মামলার কপি।
- ৬। পত্রিকার কপি।